# Lamo®

## Lamotrigine USP

**Description:** Lamotrigine is a phenyltriazine antiepileptic used to treat some types of epilepsy and bipolar disorder.

**Mode of Action:** Lamotrigine controls epileptic seizures by inhibiting voltage-sensitive sodium channels, thereby stabilizes neuronal membranes and consequently inhibits presynaptic excitatory neurotransmitter (e.g., glutamate and aspartate) release.

**Composition: Lamo® 25 mg Tablet:** Each film-coated tablet contains Lamotrigine USP 25 mg.
**Lamo® 50 mg Tablet:** Each film-coated tablet contains Lamotrigine USP 50 mg.

**Indications:** Lamotrigine is an antiepileptic drug (AED) indicated for:
Epilepsy—adjunctive therapy in patients aged 2 years and older:
- Partial-onset seizures
- Primary generalized tonic-clonic seizures
- Generalized seizures of Lennox-Gastaut syndrome

Epilepsy—monotherapy in patients aged 16 years and older
Bipolar disorder—patients aged 18 years and older

**Dosage & administration:**
**1. Monotherapy of Epilepsy (adult and child over 16 years):** Initially 25 mg once daily for 14 days, then 50 mg once daily for further 14 days, then increased by maximum 50 mg/day every 7–14 days; usual maintenance dose 225–375 mg/day in divided doses.

**2. Escalation regimen in Epileptic patients with 2 to 12 years of age:**

| | For patients not taking any Antiepileptic Drugs | For patients taking Valproate | For patients taking Carbamazepine, Phenytoin, Phenobarbital, Primidone and not taking Valproate |
|---|---|---|---|
| Weeks 1-2 | 0.3 mg/kg/day in 1 or 2 divided doses | 0.15 mg/kg/day in 1-2 divided doses | 0.6 mg/kg/day in 2 divided doses |
| Weeks 3-4 | 0.6 mg/kg/day in 1 or 2 divided doses | 0.3 mg/kg/day in 1 or 2 divided doses | 1.2 mg/kg/day in 2 divided doses |
| Weeks 5 onwards to maintenance | The dose should be increased every 1 to 2 weeks as follows: 0.6 mg/kg/day | The dose should be increased every 1 to 2 weeks as follows: 0.3 mg/kg/day | The dose should be increased every 1 to 2 weeks as follows: 1.2 mg/kg/day |
| Usual maintenance dose | 4.5 to 7.5 mg/kg/day (maximum 300 mg/day) | 1-5 mg/kg/day (maximum 200 mg/day) | 5 to 15 mg/kg/day (maximum 400 mg/day) |
| Maintenance dose in patients less than 30 kg | May need to be increased by as much as 50%, based on clinical response | May need to be increased by as much as 50%, based on clinical response | May need to be increased by as much as 50%, based on clinical response |

**3. Escalation regimen in Epileptic patients over 12 years of age:**

| | For patients not taking any Antiepileptic Drugs | For patients taking Valproate | For patients taking Carbamazepine, Phenytoin, Phenobarbital, Primidone and not taking Valproate |
|---|---|---|---|
| Weeks 1-2 | 25 mg daily | 25 mg daily | 50 mg daily |
| Weeks 3-4 | 50 mg daily | 25 mg daily | 100 mg daily |
| Weeks 5 onwards to maintenance | Increase by 50 mg/day every 1 to 2 weeks | Increase by 25 to 50 mg/day every 1 to 2 weeks | Increase by 100 mg/day every 1 to 2 weeks |
| Maintenance dose | 225 to 375 mg/day | 100 to 400 mg/day | 300 to 500 mg/day |

**4. Escalation regimen in patients with Bipolar Disorder:**

| | For patients not taking any Antiepileptic Drugs | For patients taking Valproate | For patients taking Carbamazepine, Phenytoin, Phenobarbital, Primidone and not taking Valproate |
|---|---|---|---|
| Weeks 1-2 | 25 mg daily | 25 mg daily | 50 mg daily |
| Weeks 3-4 | 50 mg daily | 25 mg daily | 100 mg daily |
| Maintenance dose | 100 to 200 mg/day | 50 to 100 mg/day | 200 to 400 mg/day |

**Hepatic impairment:** Dosage adjustments required in patients with moderate and severe liver impairment.
**Renal impairment:** Reduced maintenance doses may be effective for patients with significant renal impairment.

**Contraindications:** Hypersensitivity (e.g., rash, angioedema, acute urticaria, extensive pruritus, mucosal ulceration) to the drug or its ingredients.

**Side effects:** *Adult:* Dizziness, headache, diplopia, ataxia, nausea, blurred vision, somnolence, pharyngitis, and rash.
*Children:* Vomiting, diarrhea, infection, fever, abdominal pain, and tremor.

**Use in Pregnancy & Lactation:** *Pregnancy:* Pregnancy category C.
*Nursing Mothers:* Lamotrigine is present in milk from lactating women taking Lamotrigine.

**Precautions:** Discontinue at the first sign of rash. Blood dyscrasias (e.g., neutropenia, thrombocytopenia, pancytopenia): may occur. Monitor for signs of anemia, unexpected infection, or bleeding. Suicidal behavior and ideation: Monitor for suicidal thoughts or behaviors. Aseptic meningitis: Monitor for signs of meningitis.

**Drug interactions:** Valproate increases lamotrigine concentrations more than 2-fold. Carbamazepine, phenytoin, phenobarbital, primidone, and rifampin decrease lamotrigine concentrations by approximately 40%. Estrogen-containing oral contraceptives decrease lamotrigine concentrations by approximately 50%. Protease inhibitors lopinavir/ritonavir and atazanavir/ritonavir decrease lamotrigine exposure by approximately 50% and 32% respectively.

**Storage:** Keep out of reach of children, Store in a dry place, below 25° C temperature and protected from light.

**Packaging:**
**Lamo® 25 mg Tablet:** Each carton contains 10X3 tablet in Alu-PVC blister pack.
**Lamo® 50 mg Tablet:** Each carton contains 10X2 tablet in Alu-PVC blister pack.

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.

# লেমো®

## ল্যামোট্রিজিন ইউএসপি

**বিবরণ:** ল্যামোট্রিজিন হলো একটি ফিনাইলট্রায়াজিন এন্টি-এপিলেপটিক যা বিভিন্ন ধরনের মৃগীরোগ ও বাইপোলার ডিজঅর্ডার চিকিৎসায় ব্যবহৃত হয়।

**কার্যপদ্ধতি:** ল্যামোট্রিজিন ভোলটেজ সেনসিটিভ সোডিয়াম চ্যানেলকে বন্ধ করার মাধ্যমে এপিলেপটিক সিজার নিয়ন্ত্রণ করে, যার ফলে নিউরোনাল মেমব্রেন স্থিতিশীল হয় এবং প্রিসিন্যাপটিক উত্তেজক নিউরোট্রান্সমিটার (যেমন- গ্লুটামেট এবং এসপারটেট) এর নিঃসরণ বন্ধ হয়।

**উপাদান:** **লেমো® ২৫ মিগ্রা ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ল্যামোট্রিজিন ইউএসপি ২৫ মিগ্রা।
**লেমো® ৫০ মিগ্রা ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ল্যামোট্রিজিন ইউএসপি ৫০ মিগ্রা।

**নির্দেশনা:** ল্যামোট্রিজিন একটি এন্টি-এপিলেপটিক ওষুধ যা নিম্নোক্ত নির্দেশনায় নির্দেশিত:
মৃগীরোগ: ২ বছর ও তার চেয়ে অধিক বয়সী রোগীদের সংযোজিত চিকিৎসায়

- পারশিয়াল অনসেট সিজার
- প্রাইমারী জেনারালাইজড টনিক-ক্লনিক সিজার
- লেনক্স গ্যাস্টউট সিনড্রোম-এর জেনেরালাইজড সিজার

মৃগীরোগ– ১৬ বছর ও তার চেয়ে অধিক বয়সী রোগীদের জন্য একক থেরাপি চিকিৎসায়
বাইপোলার ডিজঅর্ডার– ১৮ বছর ও তার চেয়ে অধিক বয়সী রোগীদের চিকিৎসায়

**মাত্রা ও প্রয়োগ:**
**১. মৃগীরোগের একক চিকিৎসায় (প্রাপ্ত বয়স্ক ও ১৬ বছরের বেশি শিশুদের ক্ষেত্রে):** প্রাথমিক অবস্থায় ২৫ মিগ্রা দিনে একবার করে ১৪ দিনের জন্য, তারপর ৫০ মিগ্রা দিনে একবার করে ১৪ দিন, তারপর প্রতি ৭-১৪ দিন পরপর সর্বোচ্চ ৫০ মিগ্রা/দিন বৃদ্ধি করা যাবে; মেইনটেন্যান্স ডোজ ২২৫-৩৭৫ মিগ্রা/দিন বিভক্ত মাত্রায়।

**২. মৃগীরোগে আক্রান্ত ২ থেকে ১২ বছর বয়সী রোগীদের মাত্রাবৃদ্ধির ক্ষেত্রে:**

| | যারা কোনো ধরনের এন্টিএপিলেপ্টিক ওষুধ নেন না | যারা ভ্যালপ্রোয়েট নিয়ে থাকেন | যারা কার্বামাজেপাইন, ফেনিটোইন, ফেনোবারবিটাল, প্রিমিডন নেন কিন্তু ভ্যালপ্রোয়েট নেন না |
|---|---|---|---|
| প্রথম ১-২ সপ্তাহ | ০.৩ মিগ্রা/কেজি/দিন ১-২টি বিভক্ত মাত্রায় | ০.১৫ মিগ্রা/কেজি/দিন ১-২টি বিভক্ত মাত্রায় | ০.৬ মিগ্রা/কেজি/দিন ২টি বিভক্ত মাত্রায় |
| ৩-৪ সপ্তাহ | ০.৬ মিগ্রা/কেজি/দিন ১-২টি বিভক্ত মাত্রায় | ০.৩ মিগ্রা/কেজি/দিন ১-২টি বিভক্ত মাত্রায় | ১.২ মিগ্রা/কেজি/দিন ২টি বিভক্ত মাত্রায় |
| ৫ সপ্তাহ থেকে পরবর্তী মেইনটেন্যান্স ডোজ পর্যন্ত | প্রতি ১-২ সপ্তাহ পর পর ০.৬ মিগ্রা/কেজি/দিন মাত্রায় বৃদ্ধি করা যাবে | প্রতি ১-২ সপ্তাহ পর পর ০.৩ মিগ্রা/কেজি/দিন মাত্রায় বৃদ্ধি করা যাবে | প্রতি ১-২ সপ্তাহ পর পর ১.২ মিগ্রা/কেজি/দিন মাত্রায় বৃদ্ধি করা যাবে |
| স্বাভাবিক মেইনটেন্যান্স ডোজ | ৪.৫-৭.৫ মিগ্রা/কেজি/দিন (সর্বোচ্চ ৩০০ মিগ্রা/দিন) | ১-৫ মিগ্রা/কেজি/দিন (সর্বোচ্চ ২০০ মিগ্রা/দিন) | ৫-১৫ মিগ্রা/কেজি/দিন (সর্বোচ্চ ৪০০ মিগ্রা/দিন) |
| ৩০ কেজি এর কম বয়স্কদের মেইনটেন্যান্স ডোজ | ক্লিনিকাল প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে ৫০% পর্যন্ত বাড়ানোর প্রয়োজন হতে পারে | ক্লিনিকাল প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে ৫০% পর্যন্ত বাড়ানোর প্রয়োজন হতে পারে | ক্লিনিকাল প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে ৫০% পর্যন্ত বাড়ানোর প্রয়োজন হতে পারে |

**৩. মৃগীরোগে আক্রান্ত ১২ বছরের অধিক বয়স্ক রোগীদের মাত্রাবৃদ্ধির ক্ষেত্রে:**

| | যারা কোনো ধরনের এন্টিএপিলেপ্টিক ওষুধ নেন না | যারা ভ্যালপ্রোয়েট নিয়ে থাকেন | যারা কার্বামাজেপাইন, ফেনিটোইন, ফেনোবারবিটাল, প্রিমিডন নেন কিন্তু ভ্যালপ্রোয়েট নেন না |
|---|---|---|---|
| প্রথম ১-২ সপ্তাহ | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ৫০ মিগ্রা |
| ৩-৪ সপ্তাহ | প্রতিদিন ৫০ মিগ্রা | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ১০০ মিগ্রা |
| ৫ সপ্তাহ থেকে পরবর্তী মেইনটেন্যান্স ডোজ পর্যন্ত | প্রতি ১-২ সপ্তাহ পর পর ৫০ মিগ্রা/দিন বৃদ্ধি করা যাবে | প্রতি ১-২ সপ্তাহ পর পর ২৫-৫০ মিগ্রা/দিন বৃদ্ধি করা যাবে | প্রতি ১-২ সপ্তাহ পর পর ১০০ মিগ্রা/দিন বৃদ্ধি করা যাবে |
| মেইনটেন্যান্স ডোজ | ২২৫-৩৭৫ মিগ্রা/দিন | ১০০-৪০০ মিগ্রা/দিন | ৩০০-৫০০ মিগ্রা/দিন |

**৪. বাইপোলার ডিজিজে আক্রান্ত রোগীদের মাত্রাবৃদ্ধির ক্ষেত্রে:**

| | যারা কোনো ধরনের এন্টিএপিলেপ্টিক ওষুধ নেন না | যারা ভ্যালপ্রোয়েট নিয়ে থাকেন | যারা কার্বামাজেপাইন, ফেনিটোইন, ফেনোবারবিটাল, প্রিমিডন নেন কিন্তু ভ্যালপ্রোয়েট নেন না |
|---|---|---|---|
| প্রথম ১-২ সপ্তাহ | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ৫০ মিগ্রা |
| ৩-৪ সপ্তাহ | প্রতিদিন ৫০ মিগ্রা | প্রতিদিন ২৫ মিগ্রা | প্রতিদিন ১০০ মিগ্রা |
| মেইনটেন্যান্স ডোজ | ১০০-২০০ মিগ্রা/দিন | ৫০-১০০ মিগ্রা/দিন | ২০০-৪০০ মিগ্রা/দিন |

**যকৃতের অকার্যকারিতায়:** তীব্র যকৃতের অকার্যকারিতায় ওষুধের মাত্রা সমন্বয় এর প্রয়োজন।
**বৃক্ক অকার্যকারিতায়:** নির্দেশিত মাত্রা কমিয়ে দেওয়া হলে উত্তম ফলাফল পাওয়া যায়।

**বিরুদ্ধ ব্যবহার:** ওষুধ অথবা তার উপাদানগুলোর প্রতি অতিসংবেদনশীলতা (যেমন- ফুসকুড়ি, এনজিওইডিমা, তীব্র ছুলি, তীব্র চুলকানি, মুখের অভ্যন্তরে ক্ষত)।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** প্রাপ্তবয়স্ক: মাথাঘোরা, মাথাব্যথা, একটি বস্তুকে দুটি দেখা, স্থির হয়ে দাঁড়াতে না পারা, বমিবমি ভাব, ঝাপসা দেখা, ঘুমঘুমভাব, গলবিল প্রদাহ এবং ফুসকুড়ি।
শিশু: বমি, ডায়রিয়া, সংক্রমণ, জ্বর, পেট ব্যথা এবং কাঁপুনি।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:** প্রেগন্যান্সী ক্যাটাগরী সি।
*স্তন্যদানকালে ব্যবহার:* ল্যামোট্রিজিন মাতৃদুগ্ধের মাধ্যমে নিঃসরণ হয়।

**সতর্কতা:** ফুসকুড়ি দেখা যাওয়ার সাথে সাথে ওষুধ বন্ধ করে দিতে হবে। রক্তের ভারসাম্যের ব্যাঘাত (যেমন- নিউট্রোপেনিয়া, থ্রমবোসাইটোপেনিয়া, প্যানসাইটোপেনিয়া): হতে পারে। রক্তস্বল্পতা, অপ্রত্যাশিত সংক্রমণ অথবা রক্তপাত এর লক্ষণ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। আত্মহত্যার প্রবণতা এবং কল্পনা: রোগীর আত্মহত্যার প্রবণতা এবং কল্পনার দিকে নজর রাখতে হবে। এসেপটিক মেনিনজাইটিস: মেনিনজাইটিস এর লক্ষণ পর্যবেক্ষণ করতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** ভ্যালপ্রোয়েট ল্যামোট্রিজিনের মাত্রা দুই গুণের বেশি বাড়িয়ে দেয়। কার্বামাজেপাইন, ফেনিটোইন, ফেনোবারবিটাল, প্রিমিডোন এবং রিফামপিন, ল্যামোট্রিজিনের মাত্রা প্রায় ৪০% কমিয়ে দেয়। ইস্ট্রোজেন সম্বলিত মৌখিক গর্ভনিরোধক ল্যামোট্রিজিনের মাত্রা প্রায় ৫০% কমিয়ে দেয়। প্রোটিয়েজ বাধাদানকারী লোপিনাভির/রিটোনাভির এবং এটাজানাভির/রিটোনাভির ল্যামট্রিজিনের মাত্রা প্রায় ৫০% এবং ৩২% কমিয়ে দেয়।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫° সে. তাপমাত্রার নিচে এবং শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা:**
**লেমো® ২৫ মিগ্রা ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে রয়েছে ১০×৩ ট্যাবলেট।
**লেমো® ৫০ মিগ্রা ট্যাবলেট:** প্রতি কার্টনে অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে রয়েছে ১০×২ ট্যাবলেট।

0914-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.